



পাকিস্তানে মর্মান্তিক বাস দুর্ঘটনায় ৪০ জনের মৃত্যু



ছবি: সংগৃহীত

পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় অন্তত ৪০ জন নিহত হয়েছেন। বেলুচিস্তান ও খাইবার পাখতুনখোয়া প্রদেশের সীমান্তসংলগ্ন একটি পাহাড়ি এলাকায় যাত্রীবাহী একটি বাস গভীর গিরিখাতে পড়ে এ দুর্ঘটনা ঘটে।

শুক্রবার (৩ জুলাই) সকালে কোয়েটা থেকে পেশোয়ারের উদ্দেশে ছেড়ে যাওয়া বাসটি দানা সার এলাকার কাছে নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। বোব জেলার জরুরি সেবা কেন্দ্রের প্রধান সানাউল্লাহ শেরানি এ তথ্য নিশ্চিত করেছেন। খবর আল-জাজিরার।

বেলুচিস্তান সরকারের মুখপাত্র শহীদ রিন্দ জানান, দুর্ঘটনায় ঘটনাস্থলেই ৪০ জনের প্রাণহানি ঘটে। এছাড়া আহত হয়েছেন অন্তত আটজন। তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়েছে।

উদ্ধারকর্মীদের তথ্য অনুযায়ী, বাসটিতে মোট ৪৮ জন যাত্রী ছিলেন। দুর্ঘটনার পরপরই স্থানীয় বাসিন্দা ও উদ্ধারকারী দল যৌথভাবে উদ্ধার অভিযান শুরু করে।